



## বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিবিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৫

০৫ সেপ্টেম্বর ২০২২  
তারিখ: -----

২১ ভাদ্র ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**কোডিড-১৯ জনিত অর্থনৈতিক অভিঘাত এবং চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতিতে  
বিশ্বব্যাপী জ্বালানি, খাদ্য ও নিয়ন্ত্রণের মূল্য বৃদ্ধির প্রেক্ষাপটে ব্যয়-সাধারণ ও কৃচ্ছসাধন প্রসঙ্গে।**

বিদ্যুৎ ও জ্বালানির ব্যয় সাধারণ/হাস্করণ সংক্রান্ত বিআরপিডি সার্কুলার লেটার নং-২৮, তারিখ: ২৬ জুলাই ২০২২ এর  
প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। কোডিড-১৯ জনিত অর্থনৈতিক অভিঘাত এবং চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতিতে বিশ্বব্যাপী জ্বালানি, খাদ্য ও  
নিয়ন্ত্রণের মূল্য বৃদ্ধির প্রেক্ষাপটে ব্যয়-সাধারণ ও কৃচ্ছসাধনের লক্ষ্যে উক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশনার অধিকতর স্পষ্টীকরণ এবং  
এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) জ্বালানি (পেট্রোল, ডিজেল, গ্যাস ইত্যাদি), ওয়েল ও লুব্রিকেন্ট এর ব্যবহার ২০ শতাংশ বা ততোধিক কমিয়ে আনার  
ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা চলমান রাখতে হবে। এক্ষেত্রে বরাদ্দকৃত জ্বালানির অপব্যবহার (যেমন: ব্যক্তিগত কাজে বিধি-  
বহির্ভূতভাবে অফিসের গাড়ির ব্যবহার, প্রাধিকার বহির্ভূত গাড়ি বরাদ্দ ইত্যাদি) রোধকল্পে দ্রষ্টান্তমূলক পদক্ষেপ গ্রহণ  
করতে হবে; এবং
- (খ) বিদ্যুতের ব্যবহার ২৫ শতাংশ বা ততোধিক কমিয়ে আনার বিষয়ে কার্যকর ব্যবস্থা জোরদার করতে হবে। এক্ষেত্রে,  
বিদ্যুৎ অপব্যবহারের ক্ষেত্রসমূহ (যেমন: প্রাধিকারের বাইরে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ব্যবহার, অপ্রয়োজনীয় বিদ্যুৎ-  
বাতি প্রজ্বলন, গিজার, বৈদ্যুতিক কেটলি, বৈদ্যুতিক সরঞ্জামের অধিক/অপ্রয়োজনীয় ব্যবহার ইত্যাদি) চিহ্নিত করে  
বিদ্যুৎ সাধারণের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

Md. Kamaluzzaman

(মাকসুদা বেগম)  
পরিচালক (বিআরপিডি)  
ফোনঃ ৯৫৩০২৫২